দুই শিশু সহ বিষ খেয়ে আত্মঘাতী হওয়ার চেষ্টা গৃহবধূর

নিজস্ব সংবাদদাতা, হাড়োয়া : পারিবারিক অশান্তির জেরে স্বামীর উপর অভিমানী হয়ে দুই শিশুকে নিয়ে বিষ খেয়ে আত্মঘাতী হওয়ার চেষ্টা করলেন দেগঙ্গার এক গৃহবধূ। বৃহস্পতিবার ঘটনাটি ঘটেছে দেগঙ্গার আমুলিয়ার বোড়ামারি গ্রামে। স্থানীয় বাসিন্দারাই তিনজনকে নিয়ে যান বিশ্বনাথপুর স্বাস্থ্য কেন্দ্রে। পরে সেখানে থেকে দু'ই শিশুকে বারাসত হাসপাতালের স্থানান্তরীত করা হয়। বাবাসত হাসপাতালে সুপার সুব্রত মণ্ডল জানান, আপাতত শিশু দুটি ভালো আছে। তবে চব্বিশ ঘণ্টা না গেলে তারা নিরাপদ বলা যাবে না। শিশু দু'টির মা বিশ্বনাথপুর স্বাস্থ্য কেন্দ্রেই চিকিৎসাধীন রয়েছেন। স্থানীয় সূত্রে জানা যায়, বুধবার রাতে রাফিয়া বিবি (২৬)। তার স্বামীর সঙ্গে সাংসারিক বিষয় নিয়ে ঝগড়া করেন। বৃহস্পতিবার সকালে স্বামী কাজে বেরিয়ে গেলে রাফিয়া তার চার বছর ও দুই বছরের কন্যা সন্তানকে প্রথমে বিষ খাওয়ান। পরে তিনি নিজে বিষ খেয়ে আত্মঘাতী হওয়ার চেষ্টা করেন। প্রতিবেশীরা শিশু দু'টির আর্তনাদ শুনে ছুটে এসে তাদের ও তাদের মাকে বিশ্বনাথপুর হাসপাতালে নিয়ে যান।

ভারতের জাল পাসপোর্ট সহ ধরা পড়ল বাংলাদেশি নাগরিক

নিজস্ব সংবাদদাতা, নদিয়া : ভারতের জাল পাসপোর্ট সহ ধরা পড়ল এক বাংলাদেশি নাগরিক। বুধবার রাতে গেদে সীমান্তে ওই ব্যক্তিকে আটক করে অভিবাসন দফতরের কর্মীরা। পরে তাকে কৃষ্ণগঞ্জ থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়।

ধৃত ব্যক্তির নাম সত্যেন্দ্রনাথ বিশ্বাস। বুধবার রাতে গেদে সীমান্তে পাসপোর্ট চেকিংয়ের সময় ওই ব্যক্তিকে দেখে সন্দেহ হয় অভিবাসন দফতরের অফিসাদের। তাকে জিজ্ঞাসাবাদ শুরু করেন তাঁরা। জানা যায়, ওই ব্যক্তি আসলে বাংলাদেশের নাগরিক। কিন্তু, পাসপোর্টে তার ঠিকানা দেওয়া রয়েছে উত্তর ২৪ পরগনার শ্রীপল্লি। এরপর তাকে আটক করে অভিবাসন দফতর। রাতেই তুলে দেওয়া হয় কৃষ্ণগঞ্জ থানার হাতে। বৃহস্পতিবার সত্যেন্দ্রনাথকে কৃষ্ণনগর আদালতে তোলা হয়েছে।

কেন্দ্রীয় সরকারের নানা সিদ্ধান্তের বিরুদ্ধে কৃষকরা

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : কেন্দ্রীয় সরকারের নানা সিদ্ধান্তের বিরোধিতায় বৃহস্পতিবার হাওড়ার বাগনানের এক প্রতিবাদ সভায় গর্জে উঠল কৃষকরা। হাওড়া জেলা তৃণমূল কিষান ও খেত মজুর কংগ্রেস এই পরিস্থিতে কেন্দ্রের বিরুদ্ধে পথে নামার সিদ্ধান্ত নিল। এদিন হাওড়া জেলা তৃণমূল কিষান ও খেত মজুর কংগ্রেসের সভাপতি তপন চক্রবর্তী জানান, কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে সর্বত্র প্রতিবাদ করবেন কৃষকরা। তিনি আরও জানান, কেন্দ্রে বিজেপি সরকার আসার পর থেকে নোটবাতিল, জিএসটি চালু হয়েছে। আর এর ফলে ক্ষতিগ্রস্ত হয়েছেন কৃষকরা। সার, কীটনাশক সহ বিভিন্ন কৃষি সরঞ্জামের দাম বেড়েছে হু হু করে। তার উপর অনেক কৃষকই এখনও পর্যন্ত আধার কার্ড হাতে পায়নি। ফলে ব্যাঙ্কে লেনদেনের বদলে কৃষকদের ঘুরতে হচ্ছে সেই মহাজনদের কাছেই। তাই আমাদের এই প্রতিবাদ, আগামী দিনে আমরা আরও বৃহত্তর আন্দোলনের পথ বেছে নেব।

ঢোলাহাটে জমি বিবাদে গোষ্ঠীকোন্দল, আহত অন্তত দু'পক্ষের ১০ জন

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : পারিবারিক জমির ভাগ বাঁটোয়ারা নিয়ে দু'পক্ষের প্রায় দশজন হাসপাতালে ভর্তি। ঘটনা ঢোলাহাট নলো এলাকার কোয়াবেড়িয়া গ্রামে। সূত্র মারফত জানা যাচ্ছে, সাইফুদ্দিন মোল্লার ভাইদের সঙ্গে সাত বিঘা জমিতে চাষাবাদ করছিল।

সম্প্রতি অন্য একজন ভাই পুনরায় সেই জমি ফেরত চায়। কিন্তু সাইফুদ্দিন তা অস্বীকার করে। কারণ, ইতি পূর্বে অন্যত্র সম পরিমাণ জমি যে ভাইদের দিয়েছে। এই বিষয়ে স্থানীয়ভাবে মীমাংসা হলেও পরবর্তীকালে পুনরায় সইফুদ্দিনের ভাই আবারও সেই জমি জোর করে দখল নেওয়ার চেষ্টা করে। বুধবার সইফুদ্দিন জমিতে ধান কাটতে গেলে ভাইয়ের সঙ্গে প্রচণ্ড মারামারি হয়, ওদের মধ্যে তৃণমূলের আকবর খাঁ এবং বিজেপির কাদের মোল্লা আহত হয়েছেন। আহতদের স্থানীয় ডায়মণ্ড হারবার হাসপাতালে এবং চারজন কুলপি হাসপাতালে ভর্তি।

তৃণমূল সূত্রেখবর বিজেপির স্থানীয় কিছু লোক উস্কানিমূলক আচরণ করায় ধান কাটা মরশুমে গণ্ডগোল দেখা দিচ্ছে। ঢোলাহাট থানার পুলিশের কাছে সইফুদ্দিনের ভাই লিখিত অভিযোগ, দায়ের করেছেন। এখনও কেউ গ্রেফতার হয়নি। তৃণমূলের ব্লক স্তরের নেতৃত্বের অভিযোগ কোয়াবেড়িয়া এলাকায় বিজেপি জমি নিয়ে ঘৃন্য রাজনীতি করার চক্রান্ত করছে।

এবিষয়ে প্রশাসনকে কঠোর হাতে মোকাবিলা করার জন্য অনুরোধ করা হয়েছে। সুন্দরবন উন্নয়নমন্ত্রী গোসাবায় মুখ্যমন্ত্রীর সভায় ব্যস্ত থাকায় কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

আজ হাড়োয়ায় সভা মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের

নিজস্ব সংবাদদাতা, হাড়োয়া : আজ শুক্রবার বসিরহাট মহকুমার বিদ্যাধরী নদী সংলগ্ন হাড়োয়ার সার্কাস ময়দানে প্রশাসিক বৈঠকে যোগ দিতে আসছেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

স্বভাবতই মুখ্যমন্ত্রীর এই আগমনে আগ্রহের পারদ চড়ছে। একদিকে মুখ্যমন্ত্রী এদিনের সভা থেকে কী বার্তা দেবেন সেদিকে যেমন তাকিয়ে বসিরহাটের তৃণমূলের নেতা কর্মীরা, তেমনিই এই সভা থেকে বসিরহাটে জন্য নতুন কী কী প্রকল্প ঘোষণা করতে পারেন মুখ্যমন্ত্রী সেদিকেও তাকিয়ে রয়েছেন বসিরহাটবাসী।সে সূত্রের খবর, বসিরহাট মহাকুমাকে আরও এগিয়ে নিয়ে যেতে মুখ্যমন্ত্রী এদিন একগুচ্ছ প্রকল্পের ঘোষণা করতে পারেন। সেই সঙ্গে বসিরহাটের প্রশাসনকে আরও আঁটো সাঁটো করতেও সদর্থক ভূমিকা গ্রহণ করতে পারেন মুখ্যমন্ত্রী। আপাতত মুখ্যমন্ত্রীর সেই সমস্ত ঘোষণার দিকে তাকিয়ে বসিরহাটবাসী। উত্তর ২৪ পরগনা জেলা তৃণমূলের সভাপতি জ্যোতিপ্রিয় মল্লিক জানান, আজ শুক্রবার দুপুর দেড়টা নাগাদ মুখ্যমন্ত্রী হাড়োয়াতে আসছেন।

কটূক্তি, লজ্জায় আত্মঘাতী কিশোরী

নিজস্ব সংবাদদাতা, শান্তিপুর : এক কিশোরীর ঝুলন্ত দেহ উদ্ধার হল। তার নাম ইন্দ্রাণী সাহা। সে চলতি শিক্ষাবর্ষের মাধ্যমিক পরীক্ষার্থী। বাড়ি শান্তিপুরের হরিপুর পঞ্চায়েতের বালিয়াডাঙা এলাকায়। সে হরিপুর উচ্চ বিদ্যালয়ের পড়ুয়া ছিল।

বৃহস্পতিবার সকালে নিজের ঘর থেকে তাকে ঝুলন্ত অবস্থায় দেখতে পান পারিবারের সদস্যরা। পরে শান্তিপুর খানায় খবর দেওয়া হলে পুলিশ গিয়ে দেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠায়। পরিবারের সদস্যদের অভিযোগ, পাশের গ্রামের সুরজিৎ ঘোষ নামে এক যুবক প্রায়শই ইন্দ্রাণীকে উত্যক্ত করত। সে ভিনরাজ্যের একটি হোটেলে কাজ করেন।

বুধবার রাতে ইন্দ্রানী টিউশন পড়ে ফেরার সময়ে সুরজিৎ তাকে ফের উত্যক্ত করে। বাড়িতে ফিরে যে কান্নাকাটি শুরু করে। বৃহস্পতিবার সকালেও তার মোবাইলে ফোন আসে। এরপর লজ্জায় আত্মহত্যা করে সে। পরিবারের তরফে জানানো হয়েছে, ফোনে ইন্দ্রাণীকে কটূক্তি করেছিল সুরজিৎ। ঘটনার তদন্ত করছে পুলিশ।

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

9			3					
6			7	1				
	3	4			2		6	1
1							8	
	9	3		8		2	7	
	2							4
2	7		1			6	4	
				2	6			7
					3			8

গতকালের সমাধান

7	9	8	4	5	1	2	6	3
2	3	4	9	7	6	1	8	5
1	6	5	3	2	8	4	9	7
6	5	3	2	9	4	8	7	1
4	2	1	7	8	5	6	3	9
8	7	9	1	6	3	5	4	2
3	8	2	6	1	7	9	5	4
5	1	7	8	4	9	3	2	6
9	4	6	5	3	2	7	1	8

আবহাওয়া

পূর্বাভাস: শুক্রবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ২৮ ডিগ্রি ও ১৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** বৃহস্পতিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ২৭ ডিগ্রি ও ১৪ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৬১ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৫।৪০, **সূর্যাস্ত:** ঘ ৪।৫৯ **জোয়ার:** সকাল ১১:৪৪। **ভাঁটা:** সকাল : ৬:৫৭।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।

- সম্পাদক

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	64.4332
INR / 1 Euro	76.4887
INR / 100 Jap. YEN	57.4600
INR / 1 Pound Sterling	86.7980

শেয়ারসূচক

BSE	33,149.35 ▼	(-453.41)
NIFTY	10,226.55 ▼	(-134.75)

শব্দলিপি- ১০৬১



কাজল ঘোষ

পাশাপাশি : ১। অজ্ঞাত ৪। ধোপা ৬। বোজা ৭। পুরুষ মানুষ ৯। বিদেহী কামদেব ১০। প্রয়াত চিত্রশিল্পী— ফিদা হুসেন ১২। নেশার দ্রব্য বিশেষ ১৩। ধুকপুকি

উপরনীচ : ১। অবোধ ২। রমনীর অন্তঃকরণ ৩। বাতিল ৪। আকাশপ্রাপ্ত ৬। 'কোজাগর'-এর স্রষ্টা ৮। বিলাস ভবন ৯। অনিষ্ট ১১। বন্দুকের গুলি

সমাধান : শব্দলিপি - ১০৬০

পাশাপাশি : ১। কপোতপালিকা ৪। অন্যথা ৫। কল্যাণ ৭। পরমা ৮। বলাকা ১০। পারিষদ ১২। লক্তক ১৩। কমলে কামিনী

উপরনীচ : ১। কথার মানুষ ২। তক ৩। কামিন ৪। অরূপ ৬। দানবদলনী ৯। কারক ১০। পাবক ১১। দমকা

রক্তাক্ত মহিলা উদ্ধার

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়া স্টেশন সংলগ্ন এলাকা থেকে রক্তাক্ত অবস্থায় এক মহিলাকে উদ্ধার করে হাওড়া হাসপাতালে ভর্তি করল গোলাবাড়ি থানার পুলিশ। কচি খাতুন নামে ওই মহিলা হাওড়া মাছ বাজারের কর্মী।

শরীরের বিভিন্ন জায়গায় আঘাতের চিহ্ন। বাড়ি হাওড়ার সাঁকরাইলে। অভিযুক্তের খোঁজে পুলিশ।

ভাগ্যলিপি

মেষ
কঠিন সিদ্ধান্ত আজ আপনাকে গ্রহণ করতে হবে। সেখানে আবেগের কোনও জায়গা নেই।

বৃষ
ভাইকে নিয়ে আইনগত সমস্যা পড়তে পারেন।

মিথুন
আজ গৃহের কাজে নিজেকে বেশী সময় ব্যস্ত রাখতে হবে।

কর্কট
একটা ব্যথিত দিন। তবে আবেগে ভাসবেন না।

সিংহ
জীবনসঙ্গিকে খুঁজে নেওয়ার দিন আজ। নতুন কাজের সন্ধানও পেতে পারেন।

কন্যা
অতীতে যা কাজ করেছেন, তা ছেড়ে ফেলে নিজেই সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

তুলা
আজ ভুলবোঝার অবসান ঘটানে হবে। এব্যাপারে নিজেকে উদ্যোগী ভূমিকা গ্রহণ করতে হবে।

বৃশ্চিক
আপনার কর্মক্ষেত্রে কিছুটা পরিবর্তন আসবে।

ধনু
পরিবার ও বন্ধুবান্ধবদের জন্য আপনার খরচ বৃদ্ধি পাবে।

মকর
বাড়ি তৈরির পরিকল্পনায় নিজেকে ব্যস্ত রাখতে পারেন আজ।

কুম্ভ
ব্যবসায়ে নতুন প্রকল্প হাতে নিতে পারেন।

মীন
দুপুর পরে নিজস্ব সিদ্ধান্ত পূরণ হতে পারে।

হাওড়ায় বামফ্রন্টের গণ কনভেনশন

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়া জেলা বামফ্রন্টের ডাকে বৃহস্পতিবার হাওড়া পঞ্চাননতলার ঋষি বঙ্কিম পার্কের সামনে গণ কনভেনশনের আয়োজন করা হল। হাওড়া কর্পোরেশনের পুর করের অস্বাভাবিক বৃদ্ধির প্রতিবাদে ও এই গণ কনভেনশনের আয়োজন করা হয়েছে। জেলা বামফ্রন্টের আহ্বায়ক বিপ্লব মজুমদার ও বামফ্রন্ট নেতা কুতুবুদ্দীন আহমেদ সহ একাধিক নেতা ও কর্মীরা উপস্থিত ছিলেন এই অনুষ্ঠানে। তাঁরা বলেন, পুর এলাকার উন্নয়ন স্বব্ধ, করের বোঝা উর্দ্ধমুখী, হিংসা ও সন্ত্রাশ বিরোধীদের বিরুদ্ধে প্রতিবাদ করলে তাদের বাজে কেস দিয়ে ফাঁসানো হচ্ছে।

গীতা স্টাডি কোর্স
শিক্ষার্থী সমাবর্তন-২০১৭

বৃহস্পতিবার মায়াপুর ইসকন মন্দিরে আয়োজিত হল গীতা উৎসব।

কোটি টাকার হেরোইন সহ ধৃত ১

নিজস্ব সংবাদদাতা, মুর্শিদাবাদ : প্রায় কোটি টাকার হেরোইন সহ এক পাচারকারীকে গ্রেফতার করল সুতি থানার পুলিশ। ধৃতের নাম আলি হোসেন। গোপন সূত্রে খবর পেয়ে হেরোইন হাতবদলের আগেই পুলিশ তাকে সুতি থানার বান্দুরি মোড় থেকে গ্রেফতার করে। তার কাছ থেকে উদ্ধার হয়েছে ৯৭৫ গ্রাম হেরোইন। যার বাজারমূল্য প্রায় এক কোটি টাকা বলে জানিয়েছে পুলিশ।

সুতি থানার পুলিশ জানিয়েছে, আলি হোসেনের বাড়ি ভগবানগোলা থানার শ্যামপুর নয়াপড়ায়। তার সঙ্গে বাংলাদেশি যোগ রয়েছে কি না, তা তদন্ত করে দেখা হচ্ছে। বৃহস্পতিবার ধৃতকে নারকোটিক আদালতে তোলা হয়। তাকে তিনদিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেন বিচারক। গত একমাসে ৩৬ কেজি হেরোইন সহ ৮৭ জনকে গ্রেফতার করেছে মুর্শিদাবাদ জেলা পুলিশ। তা সত্ত্বেও হেরোইন পাচার আটকানো যাচ্ছে না। সুতি, সামশেরগঞ্জ, লালগোলা এলাকায় হেরোইন তৈরি ও পাচার ক্রমশ বাড়ছে বলে অনুমান পুলিশের। পুলিশ সূত্রে আরও জানা গেছে, লালগোলা থেকে হেরোইন সংগ্রহ করে তা সুতি থানা এলাকায় একজনকে পাচার করার উদ্দেশে গিয়েছিল আলি হোসেন। গোপন সূত্রে জানতে পেরে পুলিশ তাকে গ্রেফতার করে। উদ্ধার হওয়া হেরোইন বাংলাদেশে পাচারের পরিকল্পনা ছিল বলে প্রাথমিক তদন্তের পর অনুমান পুলিশের।

জয়পুরে সমবায় সমিতির নির্বাচন বন্ধে ক্ষোভ

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়ার জয়পুরের দুর্গাপুর কৃষি সমবায় সমিতি নির্বাচন স্থগিতের বিজ্ঞপ্তি জারি হওয়ায় তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে জয়পুরে। জানা গিয়েছে, গত ৩০ অক্টোবর আমতা-২ নম্বর ব্লকের সমবায় পরিদর্শক ও সহকারী। রিটার্নিং অফিসার পলাশ সাহা এই নির্দেশ দেন। এই নির্দেশের ফলেই দুর্গাপুর কৃষি সমবায় সমিতির গ্রাহকদের মধ্যে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে। জানা গিয়েছে, সমবায় সমিতির গ্রাহক সংখ্যা প্রায় হাজারখানেক। কৃষি প্রধান এলাকায় এই সমবায় সমিতিগুলি বেশ সাফল্যের সঙ্গেই পরিচালিত হচ্ছে। কিন্তু পঞ্চায়েত নির্বাচনের মতো কিংবা লোকসভা উপনির্বাচনের মতো ইস্যুকে খাড়া করে একটি সমবায় সমিতির নির্বাচন বন্ধ করে দেওয়ার রীতিমতো চাঞ্চল্য ছড়িয়ে এলাকায়। গ্রাহকদের অভিযোগ, অনুমানের ওপর নির্ভর করে একটি সিদ্ধান্ত কীভাবে নেওয়া হল বিষয়টি সম্পর্কে বর্তমান পরিচালন সমিতির সভাপতি শান্তি হাজরা জানান, সরকারি সিদ্ধান্ত নিয়ে আমাদের কিছু বলার নেই।

রামপুরহাটে এক ব্যক্তির রহস্যজনকভাবে মৃত্যু

নিজস্ব সংবাদদাতা, রামপুরহাট : রামপুরহাটে রহস্যজনকভাবে মৃত্যু হল ব্যক্তির। পুকুর থেকে তনু শেখ (৩৫) নামে ওই ব্যক্তির মৃতদেহ উদ্ধার হয় বৃহস্পতিবার। স্ত্রীর অভিযোগ পেয়ে পুলিশ গ্রামের দুই যুবককে আটক করেছে।

ঘটনাটি ঘটেছে রামপুরহাট থানার নারায়নপুর গ্রামে। গ্রামেরই রথতলায় থাকা পুকুর থেকে উদ্ধার হয় মৃতদেহ।

জানা গেছে, তিনদিন ধরে নিখোঁজ ছিলেন তনু। বৃহস্পতিবার সকালে গ্রামের মানুষ স্থানীয় রথতলা পুকুরপাড়ে তনুর জুতো দেখে খোঁজাখুঁজি শুরু করেন। অনেক পরে পুকুরের এক ধারে তাঁর মৃতদেহ ভাসতে দেখা যায়। খবর পেয়ে পুলিশ গিয়ে মৃতদেহ উদ্ধার করে।

তনুর স্ত্রী জিন্নাত বলেন, মঙ্গলবার সন্ধ্যায় কাজ সেরে বাড়ি ফিরে আমাকে মজুরির টাকা দেয়। এরপর আসছি বলে বাড়ি থেকে বেরিয়ে যায়। আর ফেরেনি। বুধবার রামপুরহাট থানায় লিখিত অভিযোগ দায়ের করি।

তারপর বৃহস্পতিবার সকালে মৃত্যুর খবর পাই। জিন্নাতের অভিযোগ, তাঁর স্বামীকে শ্বাসরোধ করে খুন করে পুকুরের জলে ফেলে দেওয়া হয়েছে।

মৃতের আত্মীয় লখু শেখ বলেন, আমরা রথতলা পুকুরে মাছ ধরার জন্য গিয়েছিলাম। পুকুর পাড়ে তনুর জুতো দেখে খোঁজাখুঁজি শুরু করি।

এরপর পুকুরের এক ধারে তনুর মৃতদেহ উদ্ধার হয়। গলায় মাফলার ছিল। ওই মাফলারের ফাঁস দিয়ে শ্বাসরোধ করে মারা হয়েছে। মারার আগে তাঁকে মদ খাওয়ানো হয়েছিল।

রহস্য মৃত্যুর ঘটনার ২ সন্দেহভাজন আটক হয়েছে। তবে তনু খুন হলে, কে বা কারা একাজ করতে পারে তা নিয়ে ধন্দে পুলিশ।

হাওড়ায় বিজেপির মিছিল ও ডেপুটেশন

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : পশ্চিমবঙ্গ বিজেপির ডাকে উত্থান দিবস উপলক্ষে হাওড়া সহ রাজ্য জুড়ে প্রতিটি ব্লকে বিডিও অফিসের সামনে বৃহস্পতিবার অবস্থান বিক্ষোভ সমাবেশ ও মিছিল সহকারে ডেপুটেশন দেওয়া হল। স্থানীয় দাবি দাওয়া নিয়ে সভায় বক্তব্য রাখলেন মণ্ডল, জেলা ও রাজ্য বিজেপি নেতৃত্ব। হাওড়া জেলাতেও এই কর্মসূচি গ্রহণ করা হয়। বক্তারা মোদী সরকারের সাফল্য তুলে ধরেন। তাঁরা বলেন, রাজ্যে উন্নয়ন ঘটিয়ে, তোষণের রাজনীতির অবসানও রাজ্যে। গণতন্ত্র ফেরাতে একমাত্র বিজেপিই পারবে। পাশাপাশি তাঁরা এও জানান, আগামী নির্বাচনে বিজেপিই জয়লাভ করবে। আপনারা উন্নয়ন পেতে হলে নিজের ভোট নিজে দিন, হাওড়া বিজেপি গ্রামীণ সভাপতি অনুপম মল্লিক ও সদরের সভাপতি দেবাঞ্জন চট্টোপাধ্যায় জেলাবাসীর কাছে এই বার্তাই দিলেন।

CHANGE OF NAME

I, JAHANGIR HOSSIAN S/O. LATE MD. HOSSIAN R/O. 33, BROAD STREET, P.S. KARYA, KOLKATA-19 HAVE CHANGE MY NAME MD. JAHANGIR TO JAHANGIR HOSSIAN AS PER NOTARY AFFIDAVIT KOLKATA ON. 17.11.2017.